Issue cover not available

Vol. 12 | No. 2 | 1968

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষা কোষ


| | |
|---|---|
| Volume | 12 |
| Issue | 2 |
| Year | 1968 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | December 16, 1968 |
| DOI | 10.62328/sp.v12i2.5 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v12i2.5 |
| Pages | 163-275 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |


বাংলা বিভাগ ।। ঢাকা বিশ্ববিদ্যালয়

Check for updates

# । দর্শন ও মনোবিদ্যা পরিভাষা কোষ ।

[ মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত ]

**সাইয়েদ আবদুল হাই**

[ প্রথম ( )-এর মধ্যে বাংলা অক্ষরে শব্দটির উচ্চারণ ও পরের ( )-এর মধ্যে সংকেতের সাহায্যে শব্দটি দর্শন ও মনোবিদ্যার কোন শাখায় অধিক ব্যবহৃত হয় তাহা দেওয়া হইয়াছে। ]

যুঃ = যুক্তিবিদ্যা ( Logic )

দঃ = সাধারণ দর্শন ( General Philosophy ) অর্থাৎ তত্ত্ববিদ্যা ( Metaphysics ) ও ধীবিদ্যা ( Epistemology )

নীঃ = নীতিবিদ্যা ( Ethics )

মঃ = মনোবিদ্যা ( Psychology )

সাঃ বিঃ = সাধারণ বিজ্ঞান ( General Science )

খ্রীঃ = খ্রীষ্টাব্দ।

হিঃ = হিজরী সন।

আঃ = আরবী।

উঃ = উর্দু।

সঃ = সংস্কৃত।

চৈঃ = চৈনিক।

[ পূর্ব প্রকাশিতের পর ]

**Hebetic** ( হেবেটিক্ )—বয়ঃ সন্ধিক্ষণ সম্বন্ধীয় ।

**Hederiform terminations** ( হেডারিফরম্ টারমিনেশান্স্ )—চক্রাকার স্নায়ুপ্রান্ত ।

**Hedonic** ( হীডনিক্ )—সুখকর, সুখবাদীয় ।

**Hedonic Calculus** ( হীডনিক্ ক্যালকুলাস্ )—(নীঃ) সুখ পরিমাপক, সুখ গণনীয়ক ।

নীতিবিদ বেনথাম-এর ( Bentham ) মতে সাতটি মানের সাহায্যে সুখের পরিমাণ নির্ণয় করা যায় । এই মানগুলিকে সুখের পরিমাপক বলা হয় । এই মানগুলি হইলঃ তীব্রতা, স্থিতিকাল, নৈকট্য, নিশ্চয়তা, বিশুদ্ধতা, উর্বরতা ও বিস্তৃতি ।

**Hedonic tone** ( হীডনিক্ টোন্ )—( নীঃ ), সুখ-দুঃখ ।

**Hedonism** ( হীডানিজম )—( নীঃ ) সুখবাদ, ভোগবোদ ।

**Hedonism, Egoistic** ( হীডনিজ্‌ম, ঈগোইষ্টিক ) ( নীঃ) আত্মসুখবাদ ।

এই মতবাদ অনুসারে নিজের জন্য সর্বাপেক্ষা অধিক পরিমাণে সুখের অনুসন্ধানই মানব জীবনের চরমতম কাম্য ।

**Hedonism, Ethical** ( হীডনিজ্‌ম্, ইথিক্যাল ) ( নীঃ ) নৈতিক সুখবাদ ।

ইহা নৈতিক আদর্শ সম্বন্ধে একটি মতবাদ । এই মতবাদ অনুসারে সুখই মানব জীবনের চরমতম কাম্য । অতএব যে কার্যে সুখের পরিমাণ বৃদ্ধি করে তাহাই শুভ ।

**Hedonism, Paradox of** ( প্যারাডক্স্, অব )—(নীঃ) সুখবাদের বিরোধাভাস

সুখবাদ অনুসারে সুখভোগই মানব জীবনের চরমতম কার্য । অতএব সুখের অনুসন্ধানই মানুষের প্রধান কর্তব্য । অপর পক্ষে, ইহা একটি মনস্তাত্ত্বিক সত্য যে সুখের প্রতি আকর্ষণ যত অধিক হইবে, সুখ তত অধিক দুষ্প্রাপ্য হইবে । সুখবাদের অন্তর্নিহিত এই ত্রুটিকে সুখবাদের বিরোধাভাস বলা হয় । আধুনিক নীতিবিদ্যার ইতিহাসে Dr. Sidgrick সর্বপ্রথম সুখবাদের এই ত্রুটি নির্দেশ করেন ।

**Hedonism, Psycholgical** (হীডনিজ্‌ম সাইকলজিক্যাল)—(নীঃ) মনস্তত্ত্বিক সুখবাদ ।

এই মতবাদ অনুসারে সুখই সকল মানুষের স্বাভাবিক কাম্য বস্তু — আমরা সকল সময়ই সুখ অন্বেষণ করি ও দুঃখ পরিহার করি । মনস্তাত্ত্বিক সুখবাদকে নৈতিক সুখবাদের ভিত্তি হিসাবে গ্রহণ করা হয় ।

**Hedonism, Universal** ( ইউনিভারসাল )—(নীঃ) বিশ্বসুখবাদ, সার্বিক সুখবাদ, পরসুখবাদ।

এই মতবাদ অনুসারে সকলের সুখ আমাদের লক্ষ্য হওয়া উচিত কিন্তু বাস্তবে তাহা সম্ভব নয় বলিয়া 'সর্বাধিক লোকের সর্বাধিক সুখ'-কে আমাদের নৈতিক আদর্শ বলিয়া গ্রহণ করিতে হইবে।

**Hedonistic Aesthetics** ( হীডনিস্‌টিক ইসথেটিক্‌স্‌ )—সুখবাদী সৌন্দর্য তত্ত্ব।

এই মতবাদ অনুসারে সৌন্দর্য হইল ভোগের বস্তু, সুখ ভোগের উপাদান—যাহা ইন্দ্রিয় পরিতৃপ্ত করে তাহাই সুন্দর।

**Hedonistic Paradox** (হীডনিস্‌টিক প্যারাক্‌স্‌ )—(নীঃ) সুখবাদের বিরোধাভাস।

**Hedonism, Paradox of** দ্রষ্টব্য।

**Hedonology** ( হীডনোলজি )—সুখবাদ বিজ্ঞান।

**Hegel** ( হেগেল )—হেগেল, জর্জ উইল হেল্‌ম ফ্রেডরিক হেগেল।

হেগেল উনবিংশ শতাব্দীর একজন সুপ্রসিদ্ধ দার্শনিক। তিনি জার্মানীর অধিবাসী ছিলেন।

**Hegelian Philosophy** ( হেগেলীয়ান ফিলসফি )— (দ্রঃ) হেগেলের দর্শন।

হেগেলের ( **Hegel, G. W. F., 1770—1831 A. D.** ) মতে পরমাত্মাই পরম সত্তা, জীব আত্মা পরম আত্মারই খণ্ড প্রকাশ। জীবা আত্মা পরম আত্মা হইতে উদ্ভূত। পরম আত্মা জীব আত্মার মধ্য দিয়াই নিজেকে প্রকাশ করিতেছেন। জীব আত্মা ও জড়বস্তু উভয়ই পরম আত্মার প্রকাশ মাত্র।

**Hegelianism** ( হেগেলীয়ানিজম্‌ )—( দঃ) হেগেলীয় মতবাদ, হেগেলের দর্শন।

**Helix** ( হেলিক্‌স্‌ ) — বক্রপ্রান্ত ( বহির্কর্ণের )।

**Hellenism** ( হেলেনিজ্‌ম্‌ ) — হেলেনবাদ, হেলেনীয় সংস্কৃতি, প্রাচীন গ্রীসীয় সংস্কৃতি।

প্রাচীন গ্রীকগণ নিজেদেরকে গ্রীক পুরানোক্ত আদি মানব ডিউকালিয়ন এর পুত্র হেলেন-এর বংশধর বলিয়া পরিচয় দিত। সেইজন্য প্রাচীন গ্রীসের বিভিন্ন নগর রাষ্ট্রে যে সংস্কৃতি গড়িয়া উঠে তাহাকে সামগ্রিকভাবে হেলেনবাদ বলা হয়। পণ্ডিতগণের মতে, প্রাচীন গ্রীক সংস্কৃতি মানব মনের চরম উৎকর্ষের স্বাক্ষর বহন করে এবং সেইজন্য ঐসব গ্রীক আদর্শ সর্বকালের সকল মানুষের অনুকরণীয়।

বর্তমান কালে 'হেলেনিজ্‌ম্' শব্দের দ্বারা প্রাচীন গ্রীসের অতি উন্নত সাহিত্য, দর্শন, ইতিহাস, রাজনীতি, স্থাপত্যশিল্প, চারুশিল্প প্রভৃতির চর্চা ও উহাদের অনুকরণে এযুগেও ঐরূপ উন্নত সাহিত্য, দর্শন, শিল্প প্রভৃতি সৃষ্টির প্রয়াস বুঝায়।

Hematophobia ( হেমাটোফোবিয়া ) — (মঃ) রক্তভীতি।

রক্তভীতি এক প্রকারের মানসিক রোগ। এই রোগে রোগী যে কোন প্রকার রক্ত দেখিলেই ভীত হইয়া পড়ে।

Hemi ( হেমি ) — ( গ্রীক্ উপপদ ) অর্ধ।

Hemianalgesia ( হেমি-অ্যানালজেসিয়া ) — (মঃ) অর্ধ-বেদনা হীনতা।

Hemianaesthesia ( হমি অ্যানোস্‌থিসিয়া ) — (মঃ) অর্ধ-অবশতা, অর্ধ অবেদন, অসাড়তা।

Hemianopia ( হেমি অ্যানোপিয়া ) — অর্ধ-অন্ধতা।

Hemiplegia ( হেমি-প্লিজিয়া ) — (মঃ) অর্ধাঙ্গের অবশতা।

Hepatic ( হেপাটিক্ ) — যকৃত সম্বন্ধীয়।

Heraclitus ( হেরাক্লিটাস্‌ ) — হেরাক্লিটাস্‌, গ্রীক দার্শনিক বিশেষ।

হেরাক্লিটাস্ খ্রীঃ পূর্ব পঞ্চম শতাব্দীর একজন গ্রীক দার্শনিক। তাঁহার মতে অবিরাম গতি বা প্রবাহ হইল জগতের আসল সত্তা।
[ Becoming দ্রষ্টব্য ]।

Herbartianism ( হারবার্টিয়ানিজম্‌ ) — হারবার্টের মতবাদ।

Herbart ( হারবার্ট ) — হারবার্ট, জোহান ফ্রেডরিক ( Johann Freedrich ) হারবার্ট।

হারবার্ট অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীর ( ১৭৭৬—১৮৪১ খ্রীঃ ) একজন বিখ্যাত দার্শনিক, মনোবিজ্ঞানী ও শিক্ষাবিদ ছিলেন। তিনি তাঁহার সকল প্রকার রচনাতেই ব্যক্তিস্বত্তার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন।

Herbartian Psychology ( হারবার্টিয়ান্ সাইকলজি ) — (মঃ) হারবার্টের মনোবিদ্যা।

হারবার্টের মতে মানসিক ক্রিয়ার গাণিতিক নিয়ম আবিষ্কার করাই মনোবিদ্যার প্রধান কাজ। Herbert ( হারবার্ট ) — হারবার্ট স্পেন্সার ( Spencer )

হারবার্ট স্পেনসার উনবিংশ শতাব্দীর ( ১৮২০—১৯০৩ খ্রী: ) এক জন বিখ্যাত ইংরেজ দার্শনিক। তাঁহাকে অভিব্যক্তিবাদ বা ক্রম-বিকাশতত্ত্বের ( Evolution ) অন্যতম প্রবর্তক বলা যাইতে পারে।

হারবার্ট স্পেন্সারের মতে সমগ্র জৈবিক বিকাশ হইল সম বা সরল অবস্থা ( homogeneity ) হইতে অসম বা জটিল অবস্থায় (heterogenity) পরিবর্তনের ধারা। চার্লস্ ডারউইন ( Charles Darwin ) তাঁহার এই সূত্র গ্রহণ করিয়া জীববিজ্ঞানের ক্ষেত্রে গবেষণা করেন এবং জৈবিক অভিব্যক্তিবাদের প্রচার করেন।

জীববিজ্ঞান ছাড়াও স্পেন্সার অন্যান্য বিজ্ঞানের, যেমন. মনোবিজ্ঞান, সমাজবিজ্ঞান, নীতিবিদ্যা প্রভৃতির, ক্ষেত্রে ও অভিব্যক্তিবাদের প্রয়োগ করেন। তাঁহার রচিত প্রধান গ্রন্থগুলি হইল: (১) System of Synthetic Philosophy (First Principles of Biology, Psychology, Sociology, Ethics ), (২) On Moral and Physical Education.

**Herd Instinct** ( হার্ড ইন্‌স্টিংক্ট্ )—(মঃ) দলীয় প্রবৃত্তি

ইহা অধিকাংশ জীবেরই একটি সহজাত প্রবৃত্তি। জীব জগতে আমরা দেখি অধিকাংশ জীবই দল বদ্ধভাবে থাকিতে ভাববাসে। মানুষের বেলায় শৈশব হইতে বয়ঃ সন্ধিক্ষণ পর্যন্ত এই প্রবৃত্তি খুবই প্রবল থাকে।

**Hereditary Property** ( হেরেডিট্যারি প্রপার্টি ) — (মঃ) বংশানুক্রমিক গুণ।

**Heredity** ( হেরেডিটি ) — (মঃ) বংশগত ; বংশগত গুণ।

**Hering theory of Colour vision** ( হেরিং থিওরী অব কালার ভিশান ) — (মঃ) বর্ণ দৃষ্টি সম্বন্ধে হেরিং-এর ( Hering ) মতবাদ।

হেরিং এর মতে চক্ষুর পটে তিন প্রকার ফটো রাসায়নিক বস্তু থাকার দরুণ আমাদের পক্ষে বর্ণ দৃষ্টি সম্ভব হয়। এক একটি ফটো রাসায়নিক বস্তুর জন্য দুইটি করিয়া পরিপূরক বর্ণ দেওয়া যায়, একটি দ্বারা দেখা যায় লাল ও হলুদ, অন্যটি দ্বারা, সবুজ ও লাল, এবং অপরটি দ্বারা কালো ও সাদা। হেরিংএর মতে কালো বর্ণের অভাব নয়, [ যেমন, হেলমোজ ( Helhmaltz ) বলিয়াছেন ], ইহা একটি বিশেষ বর্ণ।

**Heritage** ( হেরিটেজ্ ) — (মঃ) উত্তরাধিকার, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত গুণাগুণ।

**Hermaphroditism** ( হারম্যাফ্রডিটিজম্ ) — উভলিঙ্গতা।

Hermeneutics ( হার্মেনিউটিক্স্ ) — ভাষ্য।

Herrenmoral ( হেরেন মর‍্যাল ) — নী ঃ ( জার্মান ); নিষ্ঠুর নৈতিকতা।

Hetero ( হেটেরো ) — ( গ্রীক উপপদ ) অসম।

Heterochrony ( হেটেরোক্রনী ) — অসমকাল, অসম পদ্ধতি।

Heterodox ( হেটেরোডক্স ) — বিষম, অসম।

Heterogeneity ( হেটেরোজীনিটি ) — অসম সত্ততা, অসম জাতীয়তা প্রত্যেক বস্তু বা ধারণার মধ্যে কিছু অসমসত্ততা এবং কোন কিছু দুইটি অসম বস্তু বা ধারণার মধ্যে অসমত্ত্বতা বিদ্যমান থাকে। ইহাই সৃষ্টির নিয়ম। হ্যামিলটন (Hamilton) প্রথমে এই সূত্র নির্ণয় করেন। Homogeneity দ্রষ্টব্য।

Heteromorphic ( হেটেরোমরফিক ) — অসম গঠন।

Heteromorphosis ( হেটেরোমরফোসিস ) — অস্থানিক অঙ্গ।

Heteronomy ( হেটেরোনমি ) — অসমত্ত্ব।

Heteronomy of ends ( হেটেরোনমি অব এন্ড্স ) — ( নীঃ ) লক্ষ্যের অসমত্ব।

কান্ট ( Immanuel kant ) -এর নীতিবিদ্যায় লক্ষ্যের অসমত্ব হইল লক্ষ্যের সমত্ব বা শর্তহীন আদেশের ( Categorical Imperative এর বিপরীত।

[ Categorical Imperative দ্রষ্টব্য।

Heterophonia ( হেটেরোফোনিয়া ) — স্বর বদল, স্বর ভাঙ্গা।

Hetero-Psychological Ethies (হেটেরো-সাইকলজিক্যাল এথিক্স্) — বিবেক-উত্তর নীতি শাস্ত্র, অসম মনোবিদ্যার নীতি শাস্ত্র।

যে নীতি শাস্ত্র বিবেক ছাড়া অন্য মানসিক বৃত্তির ওপর নির্ভর করে তাহাকে বিবেক-উত্তর নীতি শাস্ত্র বলা হয়। মার্টিন্যু ( Martineu ) সর্বপ্রথম এই নামটি ব্যবহার করেন।

Heterosexuality ( হেটেরোসেক্স্উয়ালিটি ) — বিষম কাম, বিষম কামিতা, অসমকাম, অসমকামিতা ।

Heterosuggestion ( হেটেরোসাজেস্শান ) — ( মঃ ) বিষম নির্দেশ।

অপরের কথা, কার্য প্রভৃতি হইতে নির্বিচারে নির্দেশ গ্রহণ করাকে বিষম নির্দেশ বলে।

Heterotelic ( হেটেরো টেলিক ) — বহিমু‍র্খী, লক্ষ্য মুখী।

Heterotelic traits ( হেটেরোটেলিক ট্রেইট্‌স্‌ ) — ( মঃ ) বহির্মুখী-গুন।

**Heterotropia** ( হেটেরোট্রপিয়া ) — টেরা, ট্যারা, তির্যক দৃষ্টি সম্পন্ন।

Het erozetesis ( হেট্যারোযাটিসিস্‌ ) — অপ্রাসঙ্গিক যুক্তি।

Heterozygote ( হেট্যারোযাইগোট্‌ ) — অসমডিম্বানু।

**Heuristic** ( হিউরিস্‌টিক্‌ ) — কৌতুহলী।

Heuristic method ( — মেথড্‌ ) — — পদ্ধতি।

Hexis ( হেক্‌সিস্‌ ) – ( সাহায্যকারী ) অর্জিত গুণ।

Hibernation ( হিবারনেশান ) — ( মঃ ) মোহনিদ্রা, দীর্ঘ নিদ্রা।

Hierarchy of type ( হাইঅ্যারারচী অব টাইপ ) — প্রতীকের স্তর বিন্যাস।

Hierarchy of habit ( — — হ্যাবিট ) — অভ্যাসের স্তর বিন্যাস।

Hind brain ( হাইণ্ড ব্রেন ) — ( মঃ ) পশ্চাৎ মস্তিষ্ক।

**Hircine** ( হিরসিন ) — ( মঃ ) পনীর গন্ধ সদৃশ।

Histology ( হিস্‌টলজি ) – জীবদেহের তন্ত বিন্যাস বিদ্যা।

Historic ( হিস্‌টোরিক্‌ ) — ঐতিহাসিক।

কোন বিশেষ ঘটনার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করার জন্য এই বিশেষণটি ব্যবহার করা হয়।

**Histo ric** Materialism ( হিস্‌টোরিক্‌ ম্যাটিরিয়ালিজম ) — ( দঃ ) ঐতিহাসিক বস্তু বাদ, ইতিহাসের বস্তু বাদী ধারণা বা ব্যাখ্যা।

ঐতিহাসিক বস্তুবাদ মার্কস্‌বাদের মূল বিষয়গুলির অন্যতম। এই মতবাদ অনুসারে সমাজের উৎপাদন পদ্ধতি বা অর্থনৈতিক কাঠামো হইল তাহার বিকাশ, ইতিহাস, রাজনীতি, আইন কানুন, ভাবধারা, শিল্পকলা প্রভৃতির নিয়ন্ত্রণকারী ভিত্তি। বিভিন্ন যুগে সমাজের অগ্রগতি কেবল ঐ সকল যুগের সমাজের অর্থনৈতিক কাঠামোর দ্বারাই ব্যাখ্যা করা সম্ভব ; অপরপক্ষে, এই অর্থনৈতিক কাঠামোর চরিত্র ও রূপ নির্ভর করে সমাজের উৎপাদন পদ্ধতির উপর। ইহাই হইল মার্কসীয় বস্তুবাদী দৃষ্টিভঙ্গী অনুসারে সমাজের বিকাশের ও সমাজ জীবনের বিশ্লেষণ।

**Historical Sciences** ( — সায়েন্সেস ) — ঐতিহাসিক বিজ্ঞান।

Historicism ( হিসট্রিসিজম্‌ ) — ইতিহাসবাদ।

**Historiography** ( হিস্‌ট্রিওগ্রাফী ) — ইতিহাস লেখন।

**History** ( হিস্‌টরি ) — ইতিহাস।

ইতিহাস বলিতে পূর্ব বৃত্তান্ত সম্বন্ধীয় জ্ঞান বুঝায়। হিস্‌টরি শব্দটি গ্রীক ভাষা হইতে গৃহীত। গ্রীক ভাষায় ইহার অর্থ হইল মানবজাতির উৎপত্তির সময় হইতে তাহাদের সর্বপ্রকার ক্রিয়া কলাপ সম্বন্ধে জ্ঞান।

**History of Art** ( — অব আর্ট ) — কলাবিদ্যার ইতিহাস।

**History, Philosophy of** (—, ফিলোসফি অব) — ইতিহাসের দর্শন, ইতিহাসের দার্শনিক ব্যাখ্যা।

**Holism** ( হোলিজ্‌ম্‌ ) — ঈশ্বরবাদ।

**Holy** ( হোলি ) — পরম পবিত্র ( আল্লাহ্‌ )

**Holy, Idea of the** ( — আইডিয়া অব দি ) – আইডিয়া অব দি হোলি, পরম পবিত্রের ধারণা।

জার্মান দার্শনিক রুডল্‌ফ্‌ অটো ( Rudolf of otto ) কর্তৃক লিখিত 'ধর্মের দর্শন' সম্বন্ধীয় একখানি বিখ্যাত গ্রন্থ।

**Holmgren wools** ( হল্‌ম্‌গ্রেন উল্‌স্‌ ) — ( মঃ ) হলম্‌গ্রেনের পশমী সুতা।

বর্ণান্ধতা পরীক্ষা করার এক প্রকার উপায়।

**Homeostasis** ( হোমিওসট্যাসিস্‌ ) – ( মঃ ) সমতা, সমভাবে ( দৈহিক )।

**Homing** ( হোমিং ) — ( মঃ ) গৃহ গামী, নীড় গামী ।

**Homism** ( হোমিনিজ্‌ম্‌ ) — ( দঃ ) মানবতাবাদ।

জার্মান দার্শনিক ডইন ডেলব্যান্ড ( Windelband ) Humanism এর পরিবর্তে Homism শব্দ ব্যবহার করার প্রস্তাব করেন।

**Homo** ( হোমো )—( গ্রীক উপপদ ) সম, একই প্রকার।

**Homogeny** ( হোমোজেনী )—সদৃশ অপত্য।

**Homogeneons** ( হোমোজিনাস্‌ )—সমজাতীয়।

**Homogeneity** ( হোমোজিনিয়িটি )—সমজাতীয়তা, সমসত্ত্বতা।

**Homoeomeries** ( হোমিওমেরিস )—সমবিভাজ্য।

**Homoerotic** ( হোমো-ইরোটিক্‌ )—(মঃ) সমকামী।

**Homolateral** ( হোমোল্যাটারাল )—সমদিক ।

**Homologons** ( হোমোলোগাস্‌ )—সমরূপ, অনুরূপ।

**Homophony** ( হোমোফোনি )—সমস্বর।

**Hom osexuality** ( হোমোসেক্সিউয়্যালিটি )—(মঃ) সমকাম, সমকামিতা ।

**Homotheism** ( হোমোথিজ্‌ম্‌ )—সমউপাসনা ।

**Homozygote** ( হোমোযাইগোট্‌ )—সমডিম্বানু ।

**Hope** ( হোপ )—(মঃ) আশা ।

**Horizental** ( হরাইজেণ্ট্যাল )—সমতল, অনুভূমিক ।

**Horizental-vertical illusion** ( ভার্টিক্যাল ইলুউশান )—(মঃ) অনুভূমিক-লম্ব বিভ্রান্তি, অনুভূমিক-লম্ব অমূলক ভ্রম প্রত্যক্ষ, অনুভূমিক-লম্ব ভ্রম প্রত্যক্ষ ।

ইহা এক প্রকারের জ্যামিতিক অমূলক ভ্রান্ত প্রত্যক্ষ। ইহার ফলে লম্বভাবে অবস্থিত কোন রেখা একই দৈর্ঘের অনুভূমিক ভাবে অবস্থিত রেখা ইহাতে দীর্ঘ মনে হয় ।

**Horme** ( হরমি )—উদ্দেশ্য ।

**Hormic Psycho logy** ( হর্‌মিক্‌ সাইকলজি )—(মঃ) উদ্দেশ্যবাদী মনোবিদ্যা ।

হর্মিক মনোবিদ্যা অনুসারে উদ্দেশ্যই মনের প্রধান এবং মৌলিক প্রেরণা। উদ্দেশ্য মানবজীবনের একটি বাস্তব ঘটনা। উদ্দেশ্যমূলক আচরণ বলিতে লক্ষ্যের অনুসন্ধান বুঝায়। ম্যকডু গ্যাল ( W. Mc Dougall ) এই মনোবিদ্যার প্রতিষ্ঠাতা ।

**Hormic theory** ( হর্‌মিক থিওরী )—(মঃ) উদ্দেশ্যবাদী মতবাদ ।

**Hormone** ( হরমোন্‌ )—(মঃ) হরমোন্‌, গ্রন্থিরস ।

অন্তঃক্ষরা গ্রন্থি সমূহ হইতে নিঃসৃত গ্রন্থিরসকে হরমোন বলা হয়।
Endocrine glands দ্রষ্টব্য।

**Ho rner's law** ( হোর্ণাস্‌ল ) — (মঃ) হোর্ণারের নিয়ম ।

এই নিয়ম অনুসারে লাল সবুজ বর্ণান্ধতা স্ত্রীলোকের মাধ্যমে এক পুরুষ হইতে অন্য পুরুষে প্রেরিত হয় ।

**Horo pter** ( হরোপটার ) — (মঃ) দৃষ্টি কেন্দ্র ।

**Hor oscope** ( হরোস্‌কোপ ) কুষ্টি, ঠিকুজী ।

কোন ব্যক্তির জন্মকালে গ্রহ উপগ্রহাদির অবস্থানের বর্ণনা বা নক্শাকে ঠিকুজী বলে। গ্রহাদির এই অবস্থার উপর ভিত্তি করিয়া ব্যক্তির সম্বন্ধে জ্যোতিষীরা ভবিষ্যদ্বানী করিতে পারে বলিয়া বিশ্বাস পুরাকালে প্রচলিত ছিল এবং বর্তমানেও কিছু আছেঁ ।

**Hue** ( হিউ ) — বর্ণ, রং।

**Hujwiri** ( **Hujviri** ) — হুজবিরী, আলী বিন উসমান্ হুজবিরী।

আলি বিন উসমান হুজবিরী একজন বিখ্যাত সুফী সাধক ও গ্রন্থকার ছিলেন। তাঁহার রচিত 'কাশফুল মাহযুব' নামক গ্রন্থ সমধিক প্রসিদ্ধ।

**Humanism** ( হিউম্যানিজ্‌ম ) — মানবতাবাদ।

এই মতবাদ অনুসারে মানবতার সেবা ও মানবজাতির স্বার্থ রক্ষার প্রচেষ্টাই চরম উদ্দেশ্য হওয়া দরকার। পাশ্চাত্য দর্শন সর্বপ্রথমে অগাষ্ট কোঁৎ-এর ( Augst Comte ) মধ্যে এই মতের চরম প্রকাশ দেখা যায়। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, মানবতাবাদ বা তাহা অপেক্ষাও উচ্চতর দয়াধর্মের যে আদর্শ ইসলাম ধর্ম প্রচার করে, পাশ্চাত্য দর্শনের কোন মতবাদই এখনও তাহার নিকটবর্তী হইতে পারে নাই।

**Humanist** ( হিউম্যানিষ্ট ) — মানবদরদী।

**Humanist Culture** ( —কালচার ) — মানবীয় সংস্কৃতি।

**Humanitarianism** ( হিউম্যানিট্যরিয়ানিজম ) — মানব হিতবাদ।

এই মতবাদ অনুসারে মানবতার মূল্যের উপর বিশেষ গুরুত্ব দেওয়া উচিত।

**Humanity, religion of** ( হিউম্যানিটি, রিলিজিয়ান অব ) — মানবতার ধর্ম।

দার্শনিক আগাষ্ট কোঁতে-এর ( August Comte ) লেখায় এই মত বহুল প্রচার লাভ করে। এইমত অনুসারে মানবতার মঙ্গল বিধানে প্রচেষ্টাই ধর্মীয় আচার অনুষ্ঠানের পরম লক্ষ্য হওয়া উচিত।

Humanism দ্রষ্টব্য।

**Human nature** ( হিউম্যান, নেইচার ) — মানব প্রকৃতি।

**Hume, David** ( হিউম, ডেভিড ) — ডেভিড হিউম।

David Hume দ্রষ্টব্য।

**Humour** ( হিউমার ) — (১) রসিকতা, রসবোধ, রস।

(২) (মঃ) তরল পদার্থ।

(৩) প্রাচীন চিকিৎসাশাস্ত্রগুলির মতে মানব শরীরে চারি প্রকার তরল পদার্থ থাকে, যেমন, রক্ত, শ্লেষ্মা, কৃষ্ণপিত্ত ও হরিদ্রাভ পিত্ত।

**Hunger** ( হাংগার ) — (মঃ) ক্ষুধা।

**Hunting** ( হান্‌টিং )—শিকার।

**Husayn bin Mansur al Hallaj**—হুসায়ন বিন মানসুর আল-হাল্লাজ।

Al-Hallaj—দ্রষ্টব্য।

**Husayn, Imam**—(হুসাইন, ইমাম) —ইমাম হুসায়ন্‌ (রাঃ)। শিয়াদের মতে ইমাম হুসায়ন তৃতীয় ইমাম। তিনি ইসলামের প্রবর্তক হযরত মুহম্মদ ( দঃ )-এর দৌহিত্র।

**Hybrid** ( হাইব্রিড ) —মকর, দ্বিজাতীয় জীব।

দুই ভিন্ন জাতীয় জনক জননীর বংশধর ; যেমন, খচ্চর।

**Hydrocephaly** (হাইড্রো সেফালি ) — মস্তকে জল সঞ্চার।

**Hydrotropism** ( হাইড্রো ট্রোপিজম ) — জল সহনীয়তা।

**Hyle** ( হাইলি ) — ( গ্রীক শব্দ )— জড়, জড় বস্তু।

**Hylism** ( হাইলিজম্‌ )—হাইলবাদ, জড়বাদ।

**Hylomorphism** ( হাইলোমরফিজ্‌ম্‌ )— (দঃ) জড় আকৃতি তত্ত্ব।

**Hylon** ( হাইলন ) — হাইলন, জড়বস্তু।

**Hylosis** ( হাইলোসিস্‌ )— জড়, অবস্থা।

**Hylosystemism** ( হাইলোসিস্‌টেমিজ্‌ম্‌ ) — ( দঃ ) জড় ব্যাবস্থাবাদ।

সর্বেশ্বরবাদ ও জড়বাদের প্রতিশব্দ বিশেষ।

**Hylotheism** ( হাইলোথীজ্‌ম্‌ ) -- (দঃ) জড় ঈশবাদ।

**Hylozoism** ( হাইলোযোইজম্‌ )— (দঃ) সজীব জড় বাদ।

প্রাচীন গ্রীক মতবাদ অনুসারে সমস্ত প্রকৃতি, এমনকি অনু, পরমাণু পর্যন্ত সজীব সত্তা।

**Hyper** ( হাইপার ) — অধিক, অত্যাধিক ( গ্রীক উপপদ )।

**Hypercritical** ( হাইপার ক্রিটিক্যাল )—অতি সন্দিগ্ধতা, খুঁতখুঁতে ভাব।

**Hyperaesthesia** ( হাইপারেস্‌থেসিয়া ) — (মঃ) সংবেদনাধিক্য।

**Hyperbole** ( হাইপারবোল ) — অতিশয়োক্তি।

**Hyperfunction** ( হাইপারফাংক্‌শান ) — অতি ক্রিয়া।

**Hypermnesia** ( হাইপারম্‌নেসিয়া ) — (মঃ) স্মৃতি প্রাবল্য।

স্মৃতি প্রাবল্য এক প্রকার মানসিক ব্যাধি। ইহাতে বিশেষ ক্ষেত্রে অস্বাভাবিক রকম স্মৃতির প্রবলতা দেখা যায়।

Hypnosis ( হিপ্‌নোসিস ) — (মঃ) সম্মোহিত অবস্থা, সংবেশিত অবস্থা ;

Hypnotism ( হিপ্‌নটিজম্‌ ) — (মঃ) সম্মোহন, সংবেশন।

Hypostasis ( হাইপোসট্যাসিস্‌ ) — (দঃ) ভিত্তি-বস্তু।

Hypothesis ( হাইপোথিসিস ) — (যুঃ) প্রকল্প।

কোনও ঘটনাকে বৈজ্ঞানিক ভাবে ব্যাখ্যা করার জন্য যে আনুমানিক ধারণা করা হয় তাহাকে প্রকল্প বলে। বিখ্যাত যুক্তিবিদ মিল ( I. S. Mill ) প্রকল্পের নিম্নরূপ সংজ্ঞা দিয়াছেন; প্রকল্প হইল প্রমাণ ছাড়া অথবা অসম্পূর্ণ প্রমাণ সহ একটি আনুমানিক ধারণা যাহা হইতে জগত বাস্তব ঘটনার পরিপ্রেক্ষিতে অবরোহিত সিদ্ধান্ত করা যায় এবং ঐ সিদ্ধান্তটি জ্ঞাত সত্যের সহিত মিলাইয়া ধারণাটির সত্যতা বা মিথ্যাত্ব প্রমাণ করা যায়।

Hypothetical ( হাইপথেটিক্যাল্‌ ) — (যুঃ) প্রাকল্পিক, সর্ত—সাপেক্ষ।

Hypothetical dualism ( ~ ডিউয়্যালিজ্‌ম্‌ ) — ( দঃ ) ~ দ্বৈতবাদ।

Hypothetical imperative ( ~ ইম্‌পেরাটিভ্‌ ) — (নীঃ) ~ আদেশ, ~ নির্দেশ

Hypothetical Method ( হাইপেথেটিকাল মেথড্‌ ) — প্রাকল্পিক পদ্ধতি ; সর্ত-সাপেক্ষ পদ্ধতি।

Hypothetical morality ( ~ মর‍্যালিটি ) — ( নীঃ ) ~ নৈতিকতা।

Hypothetical Proposition ( ~ প্রোপোজিশান ) — ( যুঃ ) — প্রাকল্পিক বাক্য।

যে সাপেক্ষ বাক্যে ( Conditional proposition ) সর্ত ( Condition ) স্পষ্ট ভাবে উল্লেখ থাকে, তাহাকে প্রাকল্পিক বাক্য বলে। প্রাকল্পিক বাক্যের আকৃতি হইল "যদি — তাহা হইলে —" যেমন, "যদি বৃষ্টি হয়, তাহা হইলে ভূমি সিক্ত হয়।"

Hypothetical Syllogism ( ~ সিলোজিজ্‌ম্‌ ) — (যুঃ) প্রাকল্পিক সহানুমান।

~ Categorical ~ ( ~ ক্যাটেগোরিক্যাল ~ ) — ( যুঃ ) প্রাকল্পিক সহানুমান, প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমান।

যে সহানুমানের প্রথম হেতু-বাক্য একটি প্রাকল্পিক বাক্য ও দ্বিতীয় হেতু-বাক্য একটি নিরপেক্ষ বাক্য এবং যাহাতে দ্বিতীয় হেতুবাক্য প্রথম হেতু-বাক্যের পূর্বগকে স্বীকার বা অনুগকে অস্বীকার করিয়া একটি নিরপেক্ষ সিদ্ধান্ত প্রতিষ্ঠা করা হয়, তাহাকে প্রাকল্পিক সহানুমান বা প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমান বলে।

**Hysteron proteron** ( হিসটেরন প্রোটেরন ) —( যু: ) শকটাশ্ব যুক্তিদোষ।

যাহা অনুগ ( Coniequent ) তাহাকে পূর্বগ ( Antecedent ) বা যাহা পূর্বগ তাহাকে অনুগ বলিয়া মনে করিলে যুক্তিতে যে দোষ হয়, তাহা অশ্বের সম্মুখে শকট রাখার ন্যায় দোষ বলিয়াএই রূপ যুক্তি দোষকে যুক্তিবিভার পরিভাষায় শকটাশ্ব যুক্তিদোষ বলা হয়। যেমন: ভূমি সিক্ত রাখার জন্যই বৃষ্টি হয়।

**Hysteria** ( হিস্টীরিয়া ) — মূর্ছা, হিষ্টিরিয়া, চৈতন্যলোপ।

).